# ইটভাঁটার রাজস্ব নিয়ে দুর্নীতির অভিযোগে জেলাশাসককে কড়া মন্তব্য মুখ্যমন্ত্রীর

**নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া:** আমার দলের হলে টেনে চারটে থাপ্পড় মারতাম। পুরুলিয়ার প্রশাসনিক বৈঠকে সোমবার জেলাশাসক রাহুল মজুমদারকে তাক করে এমনই কড়া মন্তব্য করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ইটভাঁটা থেকে পাওয়া রাজস্বের নাকি হিসেব পাওয়া যাচ্ছে না। সরকারি কর্মচারীদের 'পকেটে' চলে যাচ্ছে একাংশ। সোমবার পুরুলিয়ার প্রশাসনিক বৈঠকে এমনই অভিযোগ উঠতে রাগে অগ্নিশর্মা হয়ে উঠলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। জেলাশাসককে বললেন ক্রুদ্ধ মুখ্যমন্ত্রী মমতা 'গরিব মানুষের একটা অভিযোগ আমি নিতে পারি না।' সরাসরি পুরুলিয়ার জেলাশাসককে মুখ্যমন্ত্রী প্রশ্ন করেন, 'কেমন জেলা চালাচ্ছো?' মুখ্যমন্ত্রীকে বলতে শোনা যায়, ওই জেলাশাসকের প্রতি তাঁর ধারণাই বদলে গেল।

শুক্রবার পুরুলিয়া জেলার প্রশাসনিক বৈঠকে মুখ্যমন্ত্রীর কাছে তৃণমূলের এক নেতা অনুযোগ করেন, স্থানীয় ইটভাঁটা থেকে যে সরকারি অর্থ আদায় হয়, তার হিসাব পাওয়া যায় না। সেগুলো নাকি কয়েকজনের পকেটে চলে যায়। এই অভিযোগ উঠতেই মুখ্যমন্ত্রীর প্রশ্ন করেন জেলাশাসককে। উদ্বেগের গলায় মুখ্যমন্ত্রীকে বলতে শোনা যায়, 'ডিএম শুনতে পাচ্ছো? এগুলো কিন্তু তৃণমূল করেনি। করছে প্রশাসনের নীচের তলার কর্মীরা।' এর পরেই মুখ্যমন্ত্রী জেলাশাসককে বলেন, 'নিজেরা টাকাটা নেয়, নিজেরাই খেয়ে নেয়! কী জেলা চালাচ্ছ তুমি? এত দিন জেলায় আছো। আমার ধারণাই বদলে গেল।'

মুখ্যমন্ত্রী আরো বলেন, 'এত কিছু দিচ্ছি মানুষকে, তবু কয়েকজন এত লোভী কেন হয়ে গেছে? আর কত চাই? আমার পার্টির লোক হলে আমি টেনে চারটে থাপ্পড় মারতাম। তাদের আমি সবসময় শাসন করি।' জেলাশাসককে মমতা এ-ও বলেন, 'আমি কথা বলছি, তোমার পুলিশ চলে যাবে, তদন্ত করবে। একে বলে প্রশাসন, একে বলে কাজ। গরিব মানুষ যখন একটা কমপ্লেন করে, আমি নিতে পারি না। সে যে-ই হোক।'

প্রশাসনের একাংশের কাজে কার্যত হতাশা ফুটে ওঠে মমতার গলায়। তিনি বকুনি দিয়ে বলেন, 'ওই ওপরে ওপরে ঘুরে বেড়িয়ে ছবি তুলে কোনো কাজ হয় না।' পাট্টা বিলির জন্য কেন চিহ্নিতকরণ হয়নি, এই প্রশ্ন তোলেন মুখ্যমন্ত্রী। ভূমি ও ভূমি সংস্কার আধিকারিককে দাঁড় করিয়ে প্রশ্ন ছোড়েন। বলেন, 'দুয়ারে সরকারে যাঁরা যাচ্ছেন, কাজ করে দেবেন। এ বার আর অনুরোধ নয়, সোজাসুজি নির্দেশ দিচ্ছি।'

# গরিব শিশুকে পুষ্টি জোগাতে খাবারের প্যাকেট দেবে রাজ্য সরকার

**শ্যামল মুখোপাধ্যায়**

**কলকাতা :** গরিব পরিবারের অপুষ্টির শিকার হওয়া শিশুদের জন্য পুষ্টিকর খাবার এবার হাতে হাতে তুলে দেওয়ার বিশেষ প্রকল্প হাতে নিয়েছে রাজ্য সরকার। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশ মহিলা ও অপুষ্টিতে ভোগা শিশুদের জন্য পুষ্টিকর খাবারের ব্যবস্থা করতেই হবে। তাঁর নির্দেশমতোই রাজ্যের নারী, শিশুবিকাশ ও সমাজকল্যাণ দফতর সিদ্ধান্ত নিয়েছে শিশুদের অপুষ্টি রুখতে 'খাদ্য প্যাকেট' তৈরি করা হবে। এই খাবারের প্যাকেটে থাকবে বাদাম, ছোলা, গম ও চিনি দিয়ে তৈরি করা পুষ্টিকর খাবার। শুধু সরকারের আইসিডিএস প্রকল্প থেকেই নয়, বিভিন্ন এলাকার স্বনির্ভর গোষ্ঠীর মহিলারাও এই খাবারের প্যাকেট তৈরি করবেন। এজন্য তাঁদের প্রশিক্ষণ দেওয়ার কাজও শুরু হয়েছে। আপাতত ২টি জেলায় পাইলট প্রকল্পের অধীনে কাজ শুরু করা হয়েছে। পরে রাজ্যের সব অঙ্গনওয়াড়ি কেন্দ্র থেকেই এই খাবারের প্যাকেট দেওয়া হবে। রাজ্যের নারী, শিশুবিকাশ ও সমাজকল্যাণ দফতরের মন্ত্রী শশী পাঁজা জানিয়েছেন, 'সুসংগত শিশুবিকাশ প্রকল্প রাজ্য সরকারের একটি ফ্ল্যাগশিপ প্রকল্প। এই দফতরের মধ্যে প্রকল্পগুলি রূপায়িত করে ব্যবস্থাপনা চালু করা হচ্ছে। অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিই এই পরিষেবার কেন্দ্রস্থল হয়ে দাঁড়াবে।'

শশী পাঁজা আরো জানান, আপাতত রাজ্যে ১ লাখ ১৯ হাজার ৪৮১টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র চালু রয়েছে। এরমধ্যে ৫৯,৬৮৪টি সরকারি নিজস্ব ভবনে রয়েছে। পরে ধাপে ধাপে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিকে ভাড়া বাড়ি থেকে সরিয়ে সরকারি নিজস্ব ভবনে নিয়ে যাওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে।

এরমধ্যে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ৬৬,১২৬টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রকে শিশু আলয় (শিশুদের আবাস) নাম দিয়েছেন। এই শিশু আলয় কেন্দ্রগুলিতে গরিব শিশুদের জন্য সব রকম ব্যবস্থাপনা রাখা হচ্ছে। সমাজকল্যাণ দফতরের এক পদস্থকর্তা জানান, রাজ্যে এখন ৭৭ লাখ ৩৭ হাজার ৬৫৮ জন শিশুকে আইসিডিএস কেন্দ্রের মাধ্যমে খাবার দেওয়া হয়। সমীক্ষায় দেখা গেছে, এরমধ্যে অপুষ্টিতে ভুগছে এমন শিশুর সংখ্যা ৫ লাখ ৩০ হাজার ১৭৫ জন। ওদের ক্যালরি মেপে খাবার দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে। এখন অপুষ্টিতে ভোগা শিশুর সংখ্যা দ্রুত কমছে। এক বছর আগের সমীক্ষায় দেখা গেছে অপুষ্টিতে ভোগা শিশুর সংখ্যা ৮.৫৬%। পুষ্টিকর ক্যালরিযুক্ত খাবারের প্যাকেট দেওয়ায় এই অপুষ্টিতে ভোগা শিশুদের সংখ্যা দ্রুত কমছে। এরমধ্যে রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছে গরিব নারী ও শিশুদের জন্য আইসিডিএস কেন্দ্রের সংখ্যা আরো বাড়ানো হবে। নতুন করে যে সব অঙ্গনওয়াড়ি কেন্দ্রের নিজস্বভবন তৈরি করা হচ্ছে সেক্ষেত্রে বাড়ি নির্মাণের সঙ্গে যুক্ত ইঞ্জিনিয়ারদের বিশেষভাবে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। যাতে এসব বাড়ি শিশুবান্ধব হিসাবে গড়ে ওঠে। এই কাজে ইউনিসেফও রাজ্য সরকারের পাশে এসে দাঁড়িয়েছে বলে দফতরের এক পদস্থকর্তা জানান।

# আন্ডার প্রসেসটা কী জোর ধমক মমতার

১ পাতার পর

মানবাজারে মহকুমা শাসকদের কার্যালয় ভবন নির্মাণের ক্ষেত্রে জেলা প্রশাসনের ৩২ কোটি ৩৬ লক্ষ টাকা প্রস্তাবে আপত্তি জানান তিনি। কাশীপুরে স্টেডিয়াম তৈরিসহ জেলার কয়েকটি ব্লকে বেশ কয়েকটি প্রকল্পের কাজ গত ৫-৬ বছর ধরে প্রক্রিয়ার মধ্যে থাকার জেলা প্রশাসনের দেওয়া তথ্য দেখে চটে যান মুখ্যমন্ত্রী। এদিন ফের ভূমি ও ভূমি সংস্কার দফতরের কাজ নিয়েও অসন্তোষ প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী। একাধিক কাজের অগ্রগতি না হওয়ার জন্য মুখ্যমন্ত্রীর কাছে এদিন জেলাশাসক থেকে ভূমি দফতরের আধিকারিক ও বলরামপুর ও হুড়া ব্লকের বিএলআরওকে ধমকও খেতে হয়েছে। বিএলআরও অফিসে গেলে সাধারণ নাগরিক সাহায্য পাচ্ছেন না, দালালচক্রের শিকার হচ্ছেন। এসব অভিযোগ জমা পড়েছে মুখ্যমন্ত্রীর কাছে। আর তাতেই ভূমি ও ভূমি সংস্কার দফতরকে তীব্র ভর্ৎসনা করেন মুখ্যমন্ত্রী। প্রশাসনের একাংশের কাজে রীতিমতো হতাশা ফুটে ওঠে মমতার গলায়। তিনি বকুনি দিয়ে বলেন, 'ওই ওপরে ওপরে ঘুরে বেড়িয়ে ছবি তুলে কোনো কাজ হয় না।' পাট্টা বিলির জন্য কেন চিহ্নিতকরণ হয়নি, এই প্রশ্ন তোলেন মুখ্যমন্ত্রী। ভূমি ও ভূমি সংস্কার আধিকারিককে দাঁড় করিয়ে প্রশ্ন ছোড়েন। বলেন, 'দুয়ারে সরকারে যাঁরা যাচ্ছেন, কাজ করে দেবেন। এ বার আর অনুরোধ নয়, সোজাসুজি নির্দেশ দিচ্ছি।' মুখ্যমন্ত্রী এদিন স্পষ্ট ইঙ্গিত দেন, প্রশাসনিক কাজে লালফিতের ফাঁস, দীর্ঘসূত্রিতার যে ট্র্যাডিশন বছরের পর বছর চলে আসছিল, মমতা বন্দ্যোপাধ্যায় সরকারে আসার পর তা অনেকটাই মিটেছে। সেই কাজে আরো গতি আনাই তাঁর একমাত্র লক্ষ্য। আর তাই কোনো কাজে ঢিলেমি তিনি বরদাস্ত করবেন না। কাজে দেরির খবর বা আন্ডার প্রসেস ধরনের কথাও তিনি যে শুনতে চান না, এদিনের প্রশাসনিক বৈঠকে সেই কথাই জানিয়ে দিলেন তিনি। এদিন পুরুলিয়ার রবীন্দ্র ভবনে দুপুর দুটো নাগাদ প্রশাসনিক বৈঠক শুরু করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রী ছাড়াও এদিনের এই প্রশাসনিক বৈঠকে ছিলেন মন্ত্রী মলয় ঘটক, মন্ত্রী সন্ধ্যারাণী টুডু, মন্ত্রী ইন্দ্রনীল সেন ও মুখ্যসচিব হরেকৃষ্ণ ত্রিবেদীসহ একাধিক দফতরের সচিবেরা। জেলার সব বিডিও, মহকুমাশাসক, জেলাশাসক, মহকুমা পুলিশ আধিকারিক, জেলা পুলিশ সুপার, সব থানার ওসি, আই সি, বিএলআরও সহ পুরুলিয়া জেলা পরিষদের সভাধিপতি, কর্মাধ্যক্ষ, পুরপ্রধান সহ জনপ্রতিনিধিদের নিয়ে পুরুলিয়া জেলার প্রশাসনিক পর্যালোচনা সভা করেন মুখ্যমন্ত্রী। জেলায় সরকারের একাধিক উন্নয়নমুখী প্রকল্পের অগ্রগতি নিয়ে এদিন বৈঠক করেন তিনি। শুরু থেকেই সরকারি কাজের ধারা ও গতি নিয়ে তাঁর অসন্তোষ চাপা থাকে না। বৈঠক শুরুর কিছুক্ষণ পরেই মুখ্যমন্ত্রী রীতিমতো ক্ষুব্ধ হন। সরকারি কাজের কাগজপত্র হাতে নিয়ে তিনি বলেন, 'অনেক কাজের স্টেটাস আন্ডার প্রসেস। এই ব্যাপারটা কী? কত কাজ আন্ডার প্রসেস? যে সব প্রকল্পের কাজ হচ্ছে না, সেগুলিকেই এভাবে দেখানো হচ্ছে। দেখুন, কিছু আন্ডার প্রসেস বলে এড়িয়ে যাবেন না। আমি চাই, সব কাজ সময়ের মধ্যে মিটিয়ে ফেলুন। আন্ডার প্রসেসের তালিকা বাড়াবেন না।' বৈঠক শুরুর প্রথমে প্রমাণ সহ একাধিক ব্যক্তিদের সভামঞ্চে নিয়ে এসে বলরামপুর ও হুড়া ব্লকের বিএলআরও আর বলরামপুর থানার ওসিকে দাঁড় করিয়ে মুখ্যমন্ত্রী বলেন, 'আপনাদের বিরুদ্ধে অভিযোগ আছে। আপনারা জমির মিউটেশন করছেন না। উলটে দালাল মারফত টাকা চাইছেন? বলরামপুরে বিএলআরও অফিসের সামনে দু'টি দোকানে টাকা নিয়ে মিউটেশন করার কাজ চলছে। অথচ গরিব এই সব মানুষের জমির মিউটেশন না হওয়ার জন্য কৃষকবন্ধুর টাকা থেকেও বঞ্চিত হচ্ছে। একই ঘটনা ঘটছে জেলার হুড়া ব্লকেও।

এরপরই মঞ্চে উপস্থিত হওয়া অভিযোগকারীদের দাঁড় করিয়ে মুখ্যমন্ত্রী তাঁদের জিজ্ঞেস করেন, ঘটনাটি সত্য না মিথ্যা। অভিযোগকারীরা প্রত্যেকেই জানিয়ে দেয় ঘটনাটি সত্য। এরপরেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পুলিশকে নির্দেশ দেন, এই মুহূর্তে ওই দোকান দু'টোকে সিল করে ওই দালালচক্রের পাণ্ডাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার। বৈঠক চলার সময়েই সভা থেকেই বলরামপুরের উদ্দেশে বেরিয়ে পড়েন বলরামপুর থানার ওসি।

মুখ্যমন্ত্রী বলেন, 'রাজ্যের সব থেকে সহজ ও সরল জেলা এই পুরুলিয়া। জঙ্গলমহলে অনেক কষ্ট করে শান্তি ফিরিয়ে এনেছি। পুরুলিয়া তো এখন রূপসী বাংলা। সেই পুরুলিয়ার গরিব সাধারণ মানুষের কাজ করতে হবে। আগামী ৩ মাসের মধ্যে মিউটেশন সব করে ফেলার নির্দেশ দেন মুখ্যমন্ত্রী। গরিব মানুষ যদি একটা অভিযোগ করেন সেটা আমি মেনে নিতে পারব না। ক্রুদ্ধ মুখ্যমন্ত্রী এও বলেন, 'আমি কেউ নই, তোমরা আছো বলেই আমি একটা সরকার চালাতে পারছি।' মুখ্যমন্ত্রী বলেন, 'রঘুনাথপুরে শিল্পের জোয়ার আসবে। হাজার কোটি টাকার বড়ো মাপের প্রোজেক্ট হতে চলেছে রঘুনাথপুরে। সেখানে ইন্ডাস্ট্রিয়াল হাব তৈরি হবে।' মুখ্যমন্ত্রী এদিন প্রশাসনিক বৈঠকে হাজির হয়ে প্রথমেই প্রত্যেকের উদ্দেশে বলেন, 'আপনারা খাবার খেয়েছেন?' অপর প্রান্ত থেকে 'না' উত্তর আসতেই মুখ্যমন্ত্রী পুরুলিয়ার জেলাশাসক রাহুল মজুমদারকে বলেন, দুটো বাজে এখনো খাবার দেন নি। কখন খাবে সবাই। একদিকে মিটিং চলুক, অন্যদিকে প্যাকেটে করে খাবার দিন। খাওয়াও চলুক।

## মাদ্রাসার ফলে মালদহে

১ পাতার পর

বেড়েছে। আলিমে পাশ করেছে ১০,৭৫৭ জন। আলিমে ৮৯.৮৭% পড়ুয়া পাশ করেছে। আলিম পরীক্ষায় দক্ষিণ দিনাজপুরে পাশের হার ৯৮.৫৯%। উত্তর ২৪ পরগনায় পাশ করেছে ৯৭.৬০% পড়ুয়া। আলিম পরীক্ষায় প্রথম দশে রয়েছে ১৪ জন পরীক্ষার্থী। প্রথম স্থানে রয়েছে মুর্শিদাবাদ সুলতানপুর সিনিয়র মাদ্রাসার আলফাজ শেখ ও উত্তর ২৪ পরগনার মহম্মদ মুজাহিদুল ইসলাম। দু'জনেই ৯০০ নম্বরের মধ্যে ৮৪০ নম্বর পেয়েছে। দ্বিতীয় স্থানে রয়েছে হুগলির ছাত্র শেখ শাহিদ আখতার ও তৃতীয় হয়েছে মালদহের সারমিন জাহান। ফাজিলের মেধা তালিকায় প্রথম দশে রয়েছে ১৩ জন। ৬০০ নম্বরের মধ্যে ৫৫৫ পেয়ে প্রথম হয়েছে মালদহ জেলার মহম্মদ আলকামা। দ্বিতীয় ও তৃতীয় স্থানে যথাক্রমে উত্তর ২৪ পরগনার ২ ছাত্র আবেদ আলি মোল্লা (৫৫৩) আর রিজওয়ান এহসান (৫৪৪)। ফাজিলে পাশ করেছে ৪,৫৪৫ জন। উত্তর ২৪ পরগনায় ৯৮.২২%, দক্ষিণ ২৪ পরগনায় ৯৭.৭৭% আর পশ্চিম মেদিনীপুরে ৯৬% পড়ুয়া পাশ করেছে।

## ৩ জুন মাধ্যমিকের ফল

১ পাতার পর

বেশ কিছু নিয়মের কড়াকড়ি করেছিল মধ্যশিক্ষা পর্যদ। যেমন, পরীক্ষাকেন্দ্রে ঢোকার সময় আর পরীক্ষা দেওয়ার জন্য পরীক্ষার্থীদের আসল অ্যাডমিট কার্ড আর রেজিস্ট্রেশন শংসাপত্র সঙ্গে রাখতে হয়েছিল। প্রশ্নপত্র ফাঁস রুখতে পরীক্ষাকেন্দ্রে মোবাইল ফোন, স্মার্টঘড়ি, বৈদ্যুতিন যন্ত্রপাতি নিয়ে পরীক্ষার্থীদের ঢোকার ওপর নিষেধাজ্ঞা ছিল। হোয়াটসঅ্যাপ-সহ বিভিন্ন সোশাল মিডিয়ায় এবছর প্রশ্নপত্র ফাঁস রুখতে পরীক্ষা চলার সময় মালদহ, মুর্শিদাবাদ, উত্তর দিনাজপুর, কোচবিহার, জলপাইগুড়ি, বীরভূম আর দার্জিলিঙ জেলার কয়েকটি ব্লকে ইন্টারনেট পরিষেবা বন্ধ রেখেছিল রাজ্য প্রশাসন।

## ইউপিএসসি'র পরীক্ষায় শীর্ষে শ্রুতি

১ পাতার পর

কোয়ালিফাই করেছেন সিভিল সার্ভিস পরীক্ষায়। এরমধ্যে ২৪৪ জন জেনারেল ক্যাটাগরির, ৭৩ জন আর্থিক ভাবে দুর্বল, ২০৩ জন অনগ্রসর শ্রেণির, ১০৫ জন তপশিলি জাতি ও ৬০ জন তপশিলি উপজাতি সফল পরীক্ষার্থী রয়েছেন। ইউপিএসসির সরকারি ওয়েবসাইট 'upsc.gov.in' —এ ক্লিক করে পরীক্ষার্থীরা নিজেদের ফল জানতে পারেন। ২০২১ সালের ১০ অক্টোবর হয় প্রিলিমিনারি পরীক্ষা। প্রিলিমিনারি পরীক্ষার ফল ঘোষিত হয় ২৯ অক্টোবর। মেইন পরীক্ষা হয় চলতি বছরের ৭-১৬ জানুয়ারি। সেই পরীক্ষার ফল বেরোয় ১৭ মার্চ। শেষ পর্যায়ের ইন্টারভিউ পর্ব চলে ৫ এপ্রিল থেকে ২৬ মে পর্যন্ত।

# এসএসসির তিন মামলাকারী সিবিআইয়ের দফতরে

**সুখবর ব্যুরো, কলকাতা:** সোমবার সিবিআইয়ের আবেদনে সাড়া দিয়ে এসএসসি মামলার ৩ মামলাকারী অনিন্দিতা বেরা, দীপঙ্কর মান্না ও মিলন দাস তাঁদের মামলার বিভিন্ন নথিপত্র নিয়ে নিজাম প্যালেসে সিবিআইয়ের দফতরে হাজির হন। এদিন সকাল সাড়ে ১০টা নাগাদ নিজাম প্যালেসে হাজির হন ৩ মামলাকারী। বেশ কিছুক্ষণ সিবিআইয়ের দফতরে ছিলেন তাঁরা। ৩ মামলাকারী যে নথি জমা দিয়েছেন তার মধ্যে রয়েছে শিক্ষাপ্রতিমন্ত্রী পরেশ অধিকারীর মেয়ে অঙ্কিতার নিয়োগ দুর্নীতির মামলাটিও। সিবিআই সূত্রে খবর, নবম-দশম শ্রেণির নিয়োগে মামলাকারী ববিতা সরকার ও অনিন্দিতা বেরা আর গ্রুপ-ডি নিয়োগে মামলাকারী সাবিনা ইয়াসমিনকে ডাকা হয়। সোমবার অনিন্দিতা গেলেও সাবিনা যাননি। ট্রেনের টিকিট না পাওয়ায় এদিন যেতে না পারলেও বুধবার সেখানে যেতে পারেন ববিতা।

## অভিষেকের বিরুদ্ধে

১ পাতার পর

থেকে বিরত থাকা উচিত। এখনই স্বতঃপ্রণোদিত মামলা রুজু করার প্রয়োজনীয়তা নেই।' বিচারপতি অজয় কুমার মুখোপাধ্যায় বলেন, 'এই হাই কোর্টে ৪১ জন বিচারপতি রয়েছেন। কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে সেটা তো পরিষ্কার হওয়া দরকার। ১% বলে কিছু হয় না।' গত শনিবার হলদিয়ায় শ্রমিক সমাবেশের মঞ্চে দাঁড়িয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায় বিচারব্যবস্থার দিকে আঙুল তোলেন। তিনি বলেছিলেন, 'আমার বলতে লজ্জা লাগে বিচারব্যবস্থায় ১-২ জন এমন আছেন যাঁরা সম্পূর্ণ যোগসাজশে তল্পিবাহক হিসাবে কাজ করছেন। তারা ১% হবে। কিছু হলেই সিবিআই তদন্তের আদেশ দেওয়া হচ্ছে। খুনের মামলায় স্থগিতাদেশ দেওয়া হচ্ছে। কোনো দিন শুনেছেন?'

# হাওলা মামলায় দিল্লির স্বাস্থ্যমন্ত্রী সত্যেন্দ্র জৈনকে গ্রেফতার করল ইডি

**সুখবর ব্যুরো, নয়াদিল্লি :** একটি অর্থপাচার মামলায় দিল্লির স্বাস্থ্যমন্ত্রী সত্যেন্দ্র জৈনকে গ্রেফতার করল এনফোর্সমেন্ট ডাইরেক্টোরেট (ইডি)। ইডির অভিযোগ, ২০১৫-১৬ সালে কলকাতার একটি কোম্পানি সঙ্গে হাওয়ালার মাধ্যমে লেনদেনে যুক্ত ছিলেন অরবিন্দ কেজরিওয়াল সরকারের এই মন্ত্রী। অর্থপাচার মামলায় অভিযুক্ত সত্যেন্দ্র জৈন ও তাঁর পরিবার ৪ কোটি ৮১ লাখ টাকা সম্পদের মালিক হওয়ার বিষয়টিকেও মামলায় যুক্ত করেছে ইডি। গত জানুয়ারি মাসে একটি জনসভায় দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল বলেছিলেন, তাঁর সূত্র তাঁকে জানিয়েছে যে, তাঁর সহকর্মী সত্যেন্দ্র জৈনকে ইডি গ্রেফতার করতে পারে। পঞ্জাব বিধানসভা নির্বাচনের আগে সাংবাদিকদের কেজরিওয়াল জানান, আমাদের সূত্র মারফৎ আমরা জানতে পেরেছি যে, পঞ্জাবের ভোটের ঠিক আগে আমরা জানতে পেরেছি যে, আগামী কিছুদিন পরই সত্যেন্দ্র জৈনকে গ্রেফতার করতে যাবে ইডি। তাদের স্বাগত জানাই। এর আগেও কেন্দ্র সত্যেন্দ্র জৈনের বিরুদ্ধে তল্লাশি অভিযান চালায়। কিন্তু কিছুই পায়নি। ২০১৭ সালের আগস্টে সত্যেন্দ্র জৈন ও তাঁর পরিবারের বিরুদ্ধে ১ কোটি ৬২ লাখ টাকা অর্থ পাচারের অভিযোগে একটি মামলা দায়ের করেছিল সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন (সিবিআই)। সিবিআইয়ের অভিযোগ, জৈন ও তাঁর পরিবার ৪টি ভুয়ো কোম্পানি খুলে কোনো ব্যবসা না করেই ২০১১-১২ সালে ১১ কোটি ৭৮ লাখ টাকা ও ২০১৫-১৬ সালে ৪ কোটি ৬৩ লাখ টাকা পাচার করেছে। পরে সিবিআইয়ের ওই এফআইআর অনুযায়ী এই অর্থ পাচারের তদন্ত শুরু করে ইডি। তাঁর সরকারের মন্ত্রীকে গ্রেফতারের পর কেজরিয়ালের সঙ্গে কেন্দ্রের নতুন করে বিরোধ দেখা দিয়েছে। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী কেসিআরের মতো দিল্লির মুখ্যমন্ত্রীও একে প্রতিহিংসার রাজনীতি বলতে শুরু করেছেন। এদিন দিল্লির উপমুখ্যমন্ত্রী মনিশ সিসোদিয়া এক ট্যুইট বার্তায় বলেন, গত ৮ বছর ধরে সত্যেন্দার জৈনের বিরুদ্ধে একটি ভুয়ো মামলা চলছে।

**OFFICE OF THE BLOCK DEVELOPMENT OFFICER**
**KANKSA DEVELOPMENT BLOCK, IJJATGANJ, PANAGARH**

স্মারক সংখ্যা :- ১০২৩ তারিখ : ২৭.০৫.২২

**আশা কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি**

রাজ্য মিশন অধিকর্তা, জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশন-এর ২৭.০৬.২০১২ তারিখের, পত্র নম্বর : HFW / NRHM-20 / 2006 / Part II / 1631 এর আদেশনামা অনুযায়ী এবং পশ্চিম বর্ধমান জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির ১১.০৫.২২ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী (পত্র নম্বর : DH&FWS / ASL / 22-23 / 186, তারিখ :- ২০.০৫.২২), পশ্চিম বর্ধমান জেলার দুর্গাপুর মহকুমার কাঁকসা ব্লকের ১৮টি গ্রামের শূন্য পদে আশা কর্মী নিয়োগের উদ্দেশ্যে নির্দিষ্ট গ্রামে বসবাসকারী মহিলা প্রার্থীদের কাছ থেকে আবেদন পত্র আহ্বান করা হচ্ছে। বিশদে জানতে গ্রাম পঞ্চায়েত অফিস ও বিডিও অফিসে যোগাযোগ করুন।

**আবেদন পত্র জমা দেওয়ার স্থান** :- কাঁকসা বি.ডি.ও. অফিস

**আবেদন পত্র জমা দেওয়ার তারিখ** :- ০১.০৬.২২ থেকে ২১.০৬.২২ (ছুটির দিন বাদ দিয়ে)।

স্বাক্ষর
সমষ্টি উন্নয়ন আধিকারিক
কাঁকসা ব্লক

**সিমবিয়ক্স ইনভেস্টমেন্ট অ্যান্ড ট্রেডিং কোম্পানি লিমিটেড**

CIN : L65993WB1979PLC032012
৭এ, রানী রাসমণি রোড, কলকাতা - ৭০০০১৩
ই-মেল : symvioxinvestment100@gmail.com; www.symbioxinvestment.com
ফোন : ০৩৩ ৩২৫১ ৫৮৩৩

৩১ মার্চ, ২০২২ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও বছরের নিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ
ই পি এস ব্যাতীত লাখ টাকায়

| বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক (৩১.০৩.২০২২) | বিগত বছরের সংশ্লিষ্ট সমাপ্ত ত্রৈমাসিক (৩১.০৩.২০২১) | বিগত সমাপ্ত বছর (৩১.০৩.২০২২) |
|---|---|---|---|
| কাজ থেকে মোট আয় (প্রকৃত) | ৩৪.১১ | ২৫১.২১ | ১৭৭.০৯ |
| কর দেওয়ার পর সাধারণ কার্যক্রম থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) | (২৩.২৫) | (৪.১৭) | ১৩.৮৯ |
| কর দেওয়ার পর প্রকৃত লাভ / (ক্ষতি) (অতিরিক্ত দফার পর) | (২৩.২৫) | (৪.১৭) | ১৩.৮৯ |
| ইক্যুটি শেয়ার মূলধন | ৩১২৮.৭৩ | ৩১২৮.৭৩ | ৩১২৮.৭৩ |
| মজুত (বিগত আর্থিক বর্ষের ব্যালান্স সীট অনুযায়ী পূর্ণমূল্যায়ন সরক্ষা ব্যতীত সংরক্ষণ) | - | - | - |
| শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০ টাকা করে) | | | |
| মূল | (০.০৭৪) | (০.০১৩) | ০.০৪৪ |
| লঘুকৃত | (০.০৭৪) | (০.০১৩) | ০.০৪৪ |

দ্রষ্টব্য :
সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল।

সিমবিওক্স ইনভেস্টমেন্ট অ্যান্ড ট্রেডিং কোম্পানী লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
মীনা দেবী আগরওয়াল
ডিরেক্টর
DIN NO. 07370734

স্থান : কলকাতা
তারিখ : ৩০.০৫.২০২২

**আর্ক ফিনান্স লিমিটেড**

CIN : L51909WB1982PLC035283
১৮, রবীন্দ্র সরণি, পোদ্দার কোর্ট, গেট নং ৪, চতুর্থ তল, রুম নং - ৩, কলকাতা - ৭০০০০১
৩১ মার্চ, ২০২২ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও বছরের নিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ
(ই পি এস ব্যাতীত লাখ টাকায়)

| বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২২ | বিগত বছরের সংশ্লিষ্ট সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২১ | বিগত সমাপ্ত বছর ৩১.০৩.২০২২ |
|---|---|---|---|
| কাজ থেকে মোট আয় (প্রকৃত) | ৪৯৫.৬৯ | ৩৪৫.৫৬ | ৩২৫৭.৮০ |
| কর দেওয়ার পর সাধারণ কার্যক্রম থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) | (২০.২৭) | ৪৬.২৫ | ২৮.৫৪ |
| কর দেওয়ার পর প্রকৃত লাভ / (ক্ষতি) (অতিরিক্ত দফার পর) | (২০.২৭) | ৪৬.২৫ | ২৮.৫৪ |
| ইক্যুটি শেয়ার মূলধন | ৫০৪৯.৫০ | ৫০৪৯.৫০ | ৫০৪৯.৫০ |
| মজুত (বিগত আর্থিক বর্ষের ব্যালান্স সীট অনুযায়ী পূর্ণমূল্যায়ন সরক্ষা ব্যতীত সংরক্ষণ) | - | - | - |
| শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০ টাকা করে) | | | |
| মূল | (০.০৪০) | ০.০৯২ | ০.০৫৭ |
| লঘুকৃত | (০.০৪০) | ০.০৯২ | ০.০৫৭ |

দ্রষ্টব্য : সেবি 'লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্ট রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল।

আর্ক ফিনান্স লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
অপর্ণা শর্মা
ডিরেক্টর
DIN : 7006877

স্থান : কলকাতা
তারিখ : ৩০.০৫.২০২২

**Linc Limited** LINC

(Formerly known as Linc Pen & Plastics Limited)
CIN:L36991WB1994PLC065583
Regd. Off: Aurora Water Front, 18th Floor, GN-34/1, Saltlake, Sector-V, Kolkata - 700 091, Phone: 033-6826 2100
E-mail: investors@lincpen.com, Website: www.lincpen.com

**EXTRACT FROM THE AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER / YEAR ENDED 31ST MARCH, 2022** (Rs. in Lakhs)

| Sl. No. | PARTICULARS | Quarter ended 31.03.22 | Year Ended 31.03.22 | Year Ended 31.03.21 | Quarter ended 31.03.21 |
|---|---|---|---|---|---|
| 1. | Total Income from Operations | 11,054.83 | 35,495.67 | 25,666.13 | 9,376.52 |
| 2. | Net Profit/(Loss) for the period (before Tax, Exceptional items) | 398.27 | 1,085.27 | (380.96) | 440.98 |
| 3. | Net Profit/(Loss) for the period before Tax | 398.27 | 1,085.27 | (380.96) | 440.98 |
| 4. | Net Profit/(Loss) for the period after tax (after Exceptional items) | 299.08 | 813.31 | 3.92 | 619.57 |
| 5. | Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | 306.18 | 814.74 | (3.64) | 642.04 |
| 6. | Equity Share Capital | 1,487.23 | 1,487.23 | 1,487.23 | 1,487.23 |
| 7. | Reserves | - | 12,798.20 | 11,983.46 | - |
| 8. | Earnings per Share (of Rs.10/- each) | | | | |
| | (a). Basic : | 2.01 | 5.47 | 0.03 | 4.17 |
| | (b). Diluted : | 2.01 | 5.47 | 0.03 | 4.17 |

NOTE:
1. The above is an extract of the detailed format of the Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of SEBI ( Listing Obligations and Disclosure Requirements ) Regulations, 2015.The full format of the Quarterly Financial Results are available on the Stock Exchange websites - www.nseindia.com, www.bseindia.com and on the Company's website - www.lincpen.com.

For and on behalf of the Board
Deepak Jalan
Managing Director

Place : Kolkata
Date : 30.05.2022

**লিঙ্কন ইন্ডাস্ট্রিস লিমিটেড**

CIN : L51109WB1983PLC035957
রেজিস্টার্ড অফিস : পি-৩৬, ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস এক্সটেনশন, দ্বিতীয় তল, রুম নং - ৪৩, কলকাতা - ৭০০০০১
৩১.০৩.২০২২ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও বছরের নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ
(ইপিএস ব্যতীত লাখ টাকায়)

| বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২২ (নিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.১২.২০২১ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২১ (নিরীক্ষিত) | সমাপ্ত বছর ৩১.০৩.২০২২ (নিরীক্ষিত) | সমাপ্ত বছর ৩১.০৩.২০২১ (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|---|
| ১. কাজের থেকে মোট আয় (প্রকৃত) | ৪৭.৭৬ | - | ৪.৯৬ | ৪৭.৭৬ | ৩৮.৩১ |
| ২. এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (করের, ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার আগে) | ৩২.১১ | (৩.৬৫) | ৬১.২০ | ২০.৪৪ | ০.১৪ |
| ৩. করের আগে এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর) | ৩২.১১ | (৩.৬৫) | ৬১.২০ | ২০.৪৪ | ০.১৪ |
| ৪. করের পর এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর) | ৩০.০২ | (৩.৬৫) | ৭৫.২৪ | ১৮.৩৬ | ১৪.১৮ |
| ৫. এই পর্বের জন্য মোট বিস্তৃত আয় [(এই পর্ব থেকে বিস্তৃত আয় / (ক্ষতি) (করের পর) ও অন্যান্য বিস্তৃত আয় (করের পর)] | ৫৬.৭৬ | (৩.৬৫) | ৯২.৮৩ | ৪৫.১০ | ৩১.৭৬ |
| ৬. ইক্যুটি শেয়ার মূলধন | ৫২৪.৫০ | ৫২৪.৫০ | ৫২৪.৫০ | ৫২৪.৫০ | ৫২৪.৫০ |
| ৭. অন্যান্য ইক্যুইটি | | | | ৫২১.৫৭ | ৪৭৬.৫৭ |
| ৮. শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০/- টাকা করে) (চালু ও বন্ধ হয়ে যাওয়া কার্যকলাপের জন্য) | | | | | |
| ক. মূল | ১.০৮ | (০.০৭) | ১.৭৭ | ০.৮৬ | ০.৬১ |
| খ. লঘুকৃত | ১.০৮ | (০.০৭) | ১.৭৭ | ০.৮৬ | ০.৬১ |

দ্রষ্টব্য :
(ক) সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি যা কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিক / বার্ষিক আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল। কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিক/ বার্ষিক আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে (বিজ্ঞপ্তিটির ফাইলিং-এর ইউআরএল-এ) ও এছাড়াও পাওয়া যাবে কোম্পানীর এই ওয়েবসাইটে www.lincoln-industries.net।

বোর্ডের আদেশানুসারে
লিঙ্কন ইন্ডাস্ট্রিস লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর- প্রবীন চন্দ ঢনঢনিয়া
(ম্যানেজিং ডিরেক্টর)
DIN : 00154048

স্থান : কলকাতা
তারিখ : ৩০.০৫.২০২২

# আদাজল খেয়ে লড়াই করলে আশার আলো

১ পাতার পর

যখন তারা ভারতের মাটিতে পা দিয়েছিল তখন দেশের জিডিপি সারা বিশ্বের ২৫% ছিল। যখন তারা দেশ ছাড়ল তখন সেটা ৩%-এ নেমে এসেছে। ঠিক যেমন হাইতির অবস্থা হয়েছিল। কিন্তু এসব পশ্চিমি শক্তির গায়ের চামড়া এত মোটা, এদের বিবেক অব্দি এসব যায় না। যেমন ফ্রান্সের আজো মাথায় ঢোকে না, তারা হাইতি আর আলজেরিয়ার ওপর এমনকী অন্যায় করেছে। তবে সবাই এমন নয়। সব দেশেই কিছু মানুষ থাকে যারা সহানুভূতিশীল। তারাই একদিন দেশের বা জাতির বিবেককে জাগিয়ে তুলবে, তুলছেও। আমরা তাতে যে ভরসা রাখতে পারি এটাই আশার কথা। তবে আপনি আমায় এর পরিণতি দেখতে বললে বলতে পারি, সে যে অনুকূলে তেমন মনে করি না তবে আমাদের হিতে আসার একটা সম্ভাবনা রয়েছে। তাই আবারও বলব, নির্দেশের দরকারই নেই। আমরা সবাই জানি কীভাবে এগোতে হবে। শিক্ষা, সঙ্ঘবদ্ধতা আর প্রচেষ্টা। এটাই একমাত্র রাস্তা। আরে আমাদের হাতে তো এখনো সুযোগ আছে। আমরা সর্বগ্রাসী সংস্কৃতিতে বাস করছি বটে কিন্তু দুনিয়াটা তো এখনো সর্বগ্রাসী হয়ে যায়নি। আজকে দাঁড়িয়ে আমার মুখের কথা পড়তে না পড়তেই কেউ তো আর শূলে চড়িয়ে দেবে না। অনেক দেশে এই আশ্বাসটুকুও নেই। আমার দেশে আছে। ভারতে আছে। আদাজল খেয়ে লড়াই করলে আশার আলো দেখব বই কি।

**পার্থ বন্দ্যোপাধ্যায় :** আমি আপনাকে চিরকাল আমার মননের গুরু বলে মেনেছি। আপনার মুখের আর কলমের বক্তব্য অনুসরণ করেছি। সেই ২২ বছর আগে কলম্বিয়ায় সাংবাদিকতা নিয়ে পড়াশোনার সময় আপনাকে প্রথম দেখার পর থেকে আজো নোম চমস্কি আমার সঙ্গে আছেন। এই অন্ধকারের যুগে তিনি কখনো আমায় বন্ধু, কখনো উপদেষ্টা হয়ে আলোর দিশা দেখিয়ে গেছেন। তাই এই সাক্ষাৎকার শেষ করার আগে আমি আমার শেষ দ্বিধা রাখব। বিনোদনের বৈভবে আজকের প্রজন্ম যেভাবে আত্মসুখের সাগরে ডুবে যাচ্ছে, সেখান থেকে কীভাবে পাড়ে এসে তারা দেশদুনিয়ার হাল ধরবে?

**নোম চমস্কি :** আমার তো মনে হয় তারাই রাস্তা দেখাচ্ছে। তরুণ প্রজন্মই তো পৃথিবীর নিবিড় সমস্যায় মাথা উঁচু করে হাল ধরেছে। আমাদের উচিত তাদের পাশে দাঁড়ানো। তারা যেন নিজেদের একা না মনে করে। তাদের সম্মান দেওয়া উচিত। তাদের কাজ আর বক্তব্যে নিজেদের মেলান উচিত। (পাশে কিছু দেখে) এই আমার পাশেই একটা টি-শার্ট রাখা আছে তাতে লেখা 'তেল ব্যবহার বন্ধ করুন'। আমি এই জামাটা পরে রাস্তাঘাটে কাজেকর্মে বের হই। এটা এমন কিছু আহামরি কাজ নয়। কিন্তু আমি বলছি নিজের যতটুকু ক্ষমতা তাদের সমর্থন করুন। ওদের, আর শুধু তরুণ কেন বলব, জেরিমির মতো বয়স্ক সংগ্রামীদেরও তো এমনিতেই বাকি দুনিয়ার নিন্দামন্দ, অপমান আর ষড়যন্ত্র দিনরাত সয়ে কাজ করতে হয়। তাই আমরা বিবেচক মানুষরা না হয় ওদের কাঁধে কাঁধ মিলিয়ে দাঁড়ালাম।

**পার্থ বন্দ্যোপাধ্যায় :** তরুণ বাঙালি আর ভারতীয়দের আপনি কিছু বলবেন?

**নোম চমস্কি :** দেখুন মানবজাতি কিন্তু তেমন প্রবীণ নয়। বড়োজোর কয়েক লাখ বছর আগে এসেছি। এরমধ্যেই আজকের দিন হাজির। আগামী প্রজন্ম এমন এক নির্বাচনের মুখোমুখি যা এতদিন প্রশ্নাতীত ছিল। তাই আমি একটাই কথা বলব। মানুষ নামের এই প্রজাতিকে তারা কি আদৌ দেখতে চায় নাকি বিলোপের নিঃশেষ তাদের পছন্দ? মানুষের ধর্ম হল আত্মঘাত। আবার সেই মানুষই চাইলে অপ্রতিরোধ্য হয়ে বিপদ এড়াতে পারে। সর্বস্বান্তর হাহাকার থেকে ঘুরে দাঁড়িয়ে ইতিবাচক পদক্ষেপ করতে পারে। এটা সম্ভব কিন্তু দুর্গম পথ। এই চ্যালেঞ্জ নিতে হবে। নির্বুদ্ধিতা আর অপরাধপ্রবণতার হাত থেকে মানবজাতিকে রক্ষা করতে নতুন প্রজন্মকেই ব্যবহৃত হতে হবে। বিবেক আর বুদ্ধিমত্তার ফারাক অগম্য নয়। এটাই চ্যালেঞ্জ। একে এড়িয়ে যাওয়ার রাস্তাও নেই। হয় জবাব দাও, নয়ত মুছে যাও।

**পার্থ বন্দ্যোপাধ্যায় :** আমার যাবতীয় প্রশ্নের জবাবে খুঁটিয়ে বিচার বিশ্লেষণ করে মতামত জানানোর জন্য আমি আন্তরিকভাবে আপ্লুত। নিজের ধী আর ধৈর্য ভাগ করে নেওয়ার জন্য কৃতজ্ঞও বটে। আশা করি আপনার এই আদর্শ আর মানসিকতায় ভর দিয়ে দুনিয়াটা ঘুরে দাঁড়াবে আলোর দিকে।

**বাংলায় ভাষা রূপান্তর**
**শীর্ষতনয় ঘোষ**